গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন অধিশাখা

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.৯৯.০০১.২৩-৩৩ তারিখ: ২৯-০৫-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে চট্টগ্রাম জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের আওতাধীন নিম্নোক্ত স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদনসমূহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল:

(ক) ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, চট্টগ্রাম;

(খ) পাঁচরিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম;

(গ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ফতেহপুর, হাটহাজারী, চট্টগ্রাম।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯।৫।২৩
(আবু নূর মো: শামসুজ্জামান)
যুগ্মসচিব
ফোন-০২২৩৩৫৭৯৮০

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-
০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
<u>প্রশাসন অধিশাখা</u>

## <u>পরিদর্শন প্রতিবেদন</u>

০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা পাঁচুরিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্র, পটিয়া, চট্টগ্রাম

০২। পরিদর্শনের তারিখ ও সময় : ০৫-০৫-২০২৩

০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত কার্যক্রম :

০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা :

| ক্রম | পদের নাম | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | মেডিকেল অফিসার(ক্লিনিক) | ০১ | ০১ | ০০ | পটিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সদ্য যোগদানকৃত মেডিকেল অফিসার সংযুক্ত করার জন্য ডিডিএফপি'কে নির্দেশনা প্রদান করা হলো |
| ০২ | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০১ | ০৪ | ০১ | অন্য প্রতিষ্ঠান হতে সংযুক্তির মাধ্যমে পদায়নকৃত |
| ০৩ | ফার্মাসিষ্ট | ০০ | ০১ | ০০ | অন্য প্রতিষ্ঠান হতে সংযুক্তির মাধ্যমে পদায়নকৃত |
| ০৩. | সহকারি নার্সিং এ্যাটেনডেন্ট | ০০ | ০১ | ০০ | এমসিআরএএইচ ওপি হতে সাকুল্যে বেতনে নিয়োগকৃত |
| ০৪. | ফিমেল মেডিক্যাল এটেডেন্ট | ০১ | ০০ | ০১ | |
| ০৫. | গাড়ি চালক | ০১ | ০০ | ০১ | - |
| ০৬. | পিয়ন কাম-চৌকিদার | ০১ | ০০ | ০১ | - |
| ০৭. | পরিচ্ছন্নতা কর্মী | ০১ | ০১ | ০০ | - |
| ০৮. | আয়া | ০০ | ০১ | - | অন্য প্রতিষ্ঠান হতে সংযুক্তির মাধ্যমে পদায়নকৃত |
| ০৯. | | | | | |
| ১১. | মিডওয়াইফ | ০০ | ০০ | ০০ | |
| ১২. | দাই নার্স | ০২ | ০০ | ০২ | |
| ১৩. | অফিস সহায়ক/নিরাপত্তা প্রহরী | - | ০১ | - | সংযুক্তিতে কর্মরত |

**সেবা কেন্দ্রটির মূল পদের সংখ্যা ০৮টি। মূল পদের বিপরীতে কর্মরত আছেন মাত্র দু'জন। প্রয়োজনের কারণে অন্যান্য সেবা প্রতিষ্ঠান হতে সংযুক্তির মাধ্যমে কর্মচারী পদায়ন করা হয়েছে।**

০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : মেডিকেল অফিসারসহ জরুরী সেবার জন্য সিফটিংডিউটি প্রাপ্ত পরিবার কল্যাণ পরিদর্শিকা ও সহায়ক কর্মচারীগণ ছিলেন।

০৬। পরিদর্শনকালে কোন Stakholder যদি মতামত/পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ : ১০/১২ জন গর্ভবতী মা সেবা গ্রহণের জন্য অপেক্ষা করছেন। তারা পার্শ্ববর্তী উপজেলা থেকে এসেছেন। পরিদর্শনের সময় ওয়ার্ডে সদ্য সন্তান প্রসবকারী ০২জন মা ভর্তি ছিলেন। সেবা গ্রহীতারা সেবা পেয়ে সন্তোষ প্রকাশ করেন। ক্লিনিক ভবন জরুরি মেরামতের পরামর্শ প্রদান করেন।

০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরন (প্রযোজ্য ক্ষেত্রে) : নেই।

| | | |
|---|---|---|
| ০৮। | প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা | : প্রতিষ্ঠানটি পুরতান ও জরাজীর্ণ। প্রতিষ্ঠানটিতে সেবা প্রদানের সার্বিক পরিবেশ বিদ্যমান রয়েছে। সেবা কেন্দ্রের সামনে পুরাতন ব্যবহার অযোগ্য এ্যাম্বুলেন্স পড়ে আছে। উপপরিচালক বলেন, এ বিষয়ে বিআরটিএ'এর প্রতিবেদনসহ অধিদপ্তরে পত্র প্রেরিত হয়েছে। তাছাড়া প্রবেশমুখের ড্রেনটি জরুরী ভিত্তিতে সংস্কার করতে হবে। পরিচ্ছন্নতার বিষয়টি নজর দেয়া প্রয়োজন। |
| ০৯। | প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা | : **১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি ২৪ শতাংশ জমির উপর দুইতলা বিশিষ্ট ভবন। ডাক্তার ও পরিবার কল্যাণ পরিদর্শিকার জন্য পৃথক ০১টি তিনতলা বিশিষ্ট বাসভবন রয়েছে যাতে ০৪টি ইউনিট আছে।** সেবা কেন্দ্রেটির সীমানা প্রাচীরের প্রায় পঞ্চাশ ফুটেরও বেশী অংশ অবৈধ দোকানপাট উচ্ছেদের সময় ভেঙ্গে যায় এবং পেছনের অংশেও ভাঙ্গা রয়েছে। তাছাড়া ভবনটি তৎকালীন পূর্ব পাকিস্তান সরকারের আমলে নির্মিত। বর্তমানে ক্লিনিক ভবন ও বাসভবন দু'টোই জরুরী ভিত্তিতে মেরামতের প্রয়োজন রয়েছে। দীর্ঘমেয়াদে এটি পুন:নির্মাণ করতে হবে। এই সেবা কেন্দ্রের জন্য জমিদাতাদের দানপত্র ও জমির সকল রেকর্ডাদি সংগ্রহ করে দখল বহির্ভুত অংশ দখলের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সহায়তায় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ১০। | প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা | : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে উপযোগী। |
| ১১। | কোন সমস্যা/চাহিদা | :<br>(ক) এই সেবা কেন্দ্রে ০১টি এম.ও, ০৫টি পরিবার কল্যান পরিদর্শিকা ০১টি ফার্মাসিষ্ট-এর পদ সৃজন করা প্রয়োজন। ০২জন আয়া ও ০২জন ওয়ার্ড বয়/ক্লিনার প্রয়োজন;<br>(খ) ল্যাব টেকনিশিয়ান পদায়ন প্রয়োজন;<br>(গ) আয়া (২জন) ও ওয়ার্ড বয় (০২জন) নিয়োগ করা প্রয়োজন;<br>(ঘ) এ্যাম্বুলেন্স চালকের পদ সৃজন করে নিয়োগ/আউট সোর্সিং করে নিয়োগ করা প্রয়োজন;<br>(ঙ) সীমানা প্রাচীরসহ ক্লিনিক ও কোয়ার্টার ভবনের জরুরী মেরামত প্রয়োজন। দীর্ঘ মেয়াদে মা ও শিশু কল্যান কেন্দ্রটি পুন:নির্মাণ করা প্রয়োজন। |
| ১২। | সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ (নির্দিষ্ট সময় উল্লেখপূর্বক পরামর্শ/ সুপারিশ) | :<br>(১) অবিলম্বে একজন চিকিৎসক কর্মকর্তা পদায়নের সুপারিশ করা হ'ল;<br>(২) ক্লিনিকটি এ অঞ্চলের গর্ভবতী মায়েদের জন্য আস্থার প্রতিক হয়ে উঠেছে অবিলম্বে প্রয়োজনীয় মেরামতের সুপারিশ করা হ'ল। |

৫।৫।২৫

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

আবু নূর মোঃ শামসুজ্জামান

যুগ্মসচিব (৬৫৩৫)